# বিশেষ অনুশীলন-২০২০

**শ্রেণি : নবম**

**বিষয় : বাংলা প্রথম পত্র**

সময় : ১ ঘণ্টা ১৫ মিনিট পূর্ণমান : ৫০

**বহুনির্বাচনি প্রশ্ন :** ১ × ৩০ = ৩০

১। সত্যেন্দ্রনাথ দত্তের অনূদিত কাব্যগ্রন্থের নাম-

(ক) বেনু ও বীণা (খ) কুহু ও কেকা (গ) তীর্থরেণু (ঘ) সবিতা

২। 'ঝর্ণার গান' কবিতার মূল বিষয় হিসেবে নিচের কোনটি সমর্থনযোগ্য?

(ক) ঝর্ণার বৈশিষ্ট্য (খ) ঝর্ণার ধ্বনি
(গ) ঝর্ণার গতি (ঘ) ঝর্ণার সৌন্দর্য

৩। কার উদ্ভবে গিরির হিম ললাট ঘামল?

(ক) কবির (খ) ঝর্ণার (গ) বন-বাউলের (ঘ) পরীর

৪। 'শিথিল সব শিলার পর' চরণে শিথিল দ্বারা বোঝানো হয়েছে-

(ক) শীতল বাতাস (খ) বরফ (গ) পাথর (ঘ) শান্ত পরিবেশ

৫। 'ঝর্ণার গান' কবিতার অন্তরালে ফুটে উঠেছে–

(ক) গতিময় জীবন (খ) উন্নত জীবন
(গ) নির্জীব জীবন (ঘ) হতাশ জীবন

৬। 'কপোতাক্ষ নদ' কবিতাটি মাইকেল মধুসূদন দত্তের কোন গ্রন্থ থেকে গৃহীত হয়েছে?

(ক) মেঘনাদবধ কাব্য (খ) চতুর্দশপদী কবিতাবলী
(গ) ব্রজাঙ্গনা কাব্য (ঘ) বীরাঙ্গনা কাব্য

৭। 'কপোতাক্ষ নদ' প্রজা হিসাবে রাজারূপে কাকে কর দেন?

(ক) দেশের শাসনকর্তাকে (খ) মহাদেশকে
(গ) সাগরকে (ঘ) বৃহত্তম নদীকে

৮। বাংলা কাব্যের অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?

(ক) মাইকেল মধুসূদন দত্ত (খ) সত্যেন্দ্রনাথ দত্ত
(গ) আবদুল কাদের (ঘ) কায়কোবাদ

৯। 'আর কি হে হবে দেখা'- কবি কার সঙ্গে দেখা হবার অভিলাষ ব্যক্ত করেছেন?

(ক) নিজের জন্মভূমি সাগরদাঁড়ি গ্রামের সঙ্গে (খ) মাতৃভূমির সঙ্গে

(গ) আপন মাতা-পিতার সঙ্গে (ঘ) কপোতাক্ষ নদের সঙ্গে

১০। দূর প্রবাস জীবনে কবির মনে জাগিয়েছিল -

i. শৈশবের স্মৃতি ii. কৈশোরের স্মৃতি iii. যৌবনের স্মৃতি

কোনটি সঠিক?

(ক) i (খ) i ও ii (গ) i ও iii (ঘ) ii ও iiii

১১। 'জুতা আবিষ্কার' কবিতায় 'অনাসৃষ্টি' বলতে কী বোঝানো হয়েছে?

(ক) মন্ত্রীদের অনাচার (খ) প্রজাদের আইন অমান্য
(গ) রাজার পায়ে মাটি লাগা (ঘ) রাজ্যে চরম নৈরাজ্য

১২। 'নহিলে কারো রক্ষা নাহি আর।'–কেন ?

(ক) অনাসৃষ্টির প্রতিকার না করলে
(খ) রাজ্যের নৈরাজ্য দূর না করলে
(গ) রাজ্যের দুর্নীতি দূর না করলে
(ঘ) উপযুক্ত পণ্ডিত খুঁজে না পেলে

১৩। গোবু রায় কী শুনে খুন হলো ?

(ক) সেনাপতির রাজা হওয়ার (খ) প্রজাদের বিদ্রোহের কথা
(গ) মন্ত্রীকে রাজ্যহারা করার কথা (ঘ) রাজার হুমকির কথা

নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নম্বর প্রশ্নের উত্তর লেখো :

চৌধুরী সাহেবের বাড়িতে কাজের লোকের কোনো অভাব নেই । কিন্তু তারা চৌধুরী সাহেবের কোনো একটা কাজ ঠিক মতো করতে পারে না ।তাই চৌধুরী সাহেব তার অকর্মণ্য কাজের লোকদের ওপর ভীষণ চটে আছেন ।

১৪। উদ্দীপকের চৌধুরী সাহেবের সাথে মিল রয়েছে কোন চরিত্রটির ?
(ক) হবু (খ) গোবু (গ) ভৃত্য (ঘ) চামার

১৫। চৌধুরী সাহেবের কাজের লোকদের সাথে সাদৃশ্য রয়েছে –

i. গোবুর ii. চামার iii. পণ্ডিতের

নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬। 'Proletariat' সাহিত্য বলতে লেখক কোন ধরনের সাহিত্যকে বোঝাতে চেয়েছেন?

(ক) ভ্রমণকাহিনি (খ) গ্রামীণ জীবন ইতিহাস

(গ) অত্যাচারিত শ্রমজীবী দুঃখী মানুষের সাহিত্য
(ঘ) মুক্তিযুদ্ধ অবলম্বনে প্রামাণ্যচিত্র

১৭। খনার বচনে প্রাধান্য পাওয়া যায় কোনটির?
(ক) পাপ-পুণ্যের (খ) আয়-ব্যয়ের

(গ) চরিত্রের (ঘ) কৃষি ও জলবায়ুর

১৮। Folklore Society কী?

(ক) নতুনদের সমাজ (খ) বিদ্বানদের সমাজ
(গ) ফকিরদের সমাজ (ঘ) শহরের সমাজ

১৯। 'পল্লিসাহিত্য' প্রবন্ধে ঘুম পাড়ানি গান ও ছড়া সম্পর্কে লেখকের মন্তব্য- 'এগুলো সরস প্রাণের জীবন্ত উৎস' কারণ-

i. ভাষা ও ছন্দের চমৎকারিত্ব ii. অর্থ ও তাৎপর্যপূর্ণ
iii. বিষয়বস্তু বৈচিত্র্যপূর্ণ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২০। 'মন মাঝি তোর বৈঠা নে রে/আমি আর বাইতে পারলাম না।'- এটা কোন ধরনের গান?

(ক) রাখালি গান (খ) জারি গান (গ) মারফতি গান (ঘ) সারি গান

২১। কাজী নজরুল ইসলাম 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে কার কথা ভাবতে বলেছেন?

(ক) নেতাজি সুভাষ চন্দ্র বসুর কথা (খ) রবীন্দ্রনাথ ঠাকুরের কথা

(গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কথা (ঘ) মহাত্মা গান্ধীর কথা

২২। কাজী নজরুল ইসলাম কাদের হাত ধরে বোধন-বাঁশিতে সুর দিতে চেয়েছেন?

(ক) সম্ভ্রান্তদের (খ) উপেক্ষিতদের

(গ) ব্রাহ্মণদের (ঘ) সমাজপতিদের

২৩। 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের মাধ্যমে কাজী নজরুল ইসলামের কোন পরিচয় ফুটে উঠেছে?

(ক) সংগ্রামী চেতনা (খ) সাম্যবাদী মানসিকতা

(গ) সামাজিক দায়িত্ববোধ (ঘ) রাজনৈতিক ভাবাদর্শ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও।

ভারতবর্ষের রাজনৈতিক আন্দোলনে হিন্দু-মুসলিম ঐক্য প্রতিষ্ঠায় দেশবন্ধু চিত্তরঞ্জন দাস অনন্য ভূমিকা পালন করেছেন। তিনি উপলব্ধি করেছিলেন রাজনৈতিক সমস্যার সমাধান নিশ্চিতকরণে হিন্দু-মুসলিম উভয় সম্প্রদায়ের স্বার্থ রক্ষার প্রতি মনোযোগী হওয়া আবশ্যক। তাই তিনি সাম্প্রদায়িকতার বিলোপ সাধনের উদ্দেশ্যে আন্তরিক প্রয়াস চালান।

২৪। 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কোন আহ্বান উদ্দীপকের নেতার প্রয়াসের সঙ্গে ঐক্য স্থাপন করে?

(ক)জাতিগত বিভেদ নিরসনের(খ)ছোটলোককে আপন করে নেওয়ার

(গ) উপেক্ষিত ভাইদের আপন করার (ঘ) গণতান্ত্রিক রাষ্ট্র গঠনের

২৫। 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধ অনুযায়ী উদ্দীপকের নেতার মতো মনীষীদের সংগ্রামের উদ্দেশ্য হলো-

i. রাষ্ট্রীয় জীবনকে সুখী ও সমৃদ্ধিশালী করা
ii. মর্যাদাবান জাতি গঠন করা

iii. মর্যাদাবান রাষ্ট্র গঠন করা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬। হজরত মুহম্মদ (সাঃ) মক্কা ছেড়ে মদিনায় গেলেন কেন?

(ক) মদিনাবাসীর আমন্ত্রণে (খ) ধর্ম প্রচারের উদ্দেশ্যে

(গ) শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে (ঘ) মক্কাবাসীর নির্যাতনে

২৭। 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের বক্তব্য প্রকাশের প্রধান বিষয়বস্তু কী?

(ক) মহানবীর ধর্মপ্রচার (খ) মহানবীর মানবীয় গুণাবলি

(গ) মহানবীর কর্মমুখর জীবন (ঘ) মহানবীর মানবীয় জীবনাচরণ

২৮। হুদায়বিয়ার সন্ধি মুসলমানদের জন্য ছিল–

(ক) গৌরবের (খ) অনুপ্রেরণার (গ) আশীর্বাদের (ঘ) অপমানের

২৯। ইসলাম প্রচার করতে গিয়ে হজরত কোথায় ভীষণ পরীক্ষার সম্মুখীন হন?

(ক) মক্কা (খ) মদিনা (গ) কুফা (ঘ) তায়েফ

৩০। 'আমি এমন এক নারীর সন্তান, সাধারণ শুষ্ক মাংসই ছিল যাঁহার নিত্যকার আহার্য'– মহানবী (স.)-এর এ উক্তিতে প্রকাশ পেয়েছে তাঁর–

i) অকপট সত্যভাষা ii) নিজের ক্ষুদ্রতা ও তুচ্ছতাবোধ

iii) নিজের অকিঞ্চিৎকরতা

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকদ্বয় পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লেখো :**

১। গ্রীষ্মের ছুটিতে অবন্তি রাঙামাটির সুবলং ঝর্ণার সৌন্দর্য দেখতে গেল। তার বাবা তাকে একেবারে ঝর্ণার কাছে নিয়ে গেলেন। অবন্তি অবাক হয়ে দেখল ঝর্ণার গড়িয়ে পড়ার দৃশ্য। পাহাড়ের গা বেয়ে অবিরাম গড়িয়ে চলেছে ঝর্ণা, ছুটে চলেছে কাপ্তাই হ্রদে, বসে বসে অবন্তি মুগ্ধ দৃষ্টিতে চেয়ে দেখে ঝর্ণার সৌন্দর্য ও তার ছুটে চলার গতি। ঝর্ণা তার মনে আনন্দের শিহরণ তোলে, সে ঝর্ণার গড়িয়ে চলার সৌন্দর্য দেখে অনাবিল আনন্দ লাভ করে ।

ক. 'ঝর্ণার গান' কবিতায় ঝর্ণাকে ভয় দেখায় কে ? ১

খ. 'আমরা চাই মুগ্ধ চোখ' কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'ঝর্ণার গান' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো । ৩

ঘ. "উদ্দীপকে 'ঝর্ণার গান' কবিতার সমগ্রভাব ফুটে উঠেনি ।"-উদ্দীপক ও 'ঝর্ণার গান' কবিতার আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাইফুল ইসলাম একজন জনদরদি নেতা। পর পর তিনবারই বিপুল ভোটে তিনি চেয়ারম্যান পদে নির্বাচিত হয়েছেন। এলাকার মানুষের সুখ-দুঃখকে তিনি নিজের সুখ-দুঃখ বলে মনে করেন। তাই এলাকাবাসী তাকে ভীষণ ভালোবাসে । তিনি বলেন, 'সাধারণ জনগণই আমার প্রকৃত শক্তি।'

ক. কাদের অন্তর কাঁচের ন্যায় স্বচ্ছ ? ১

খ. 'বোঁধন বাঁশিতে সুর দেওয়া' বলতে কী বোঝানো হয়েছে ? ২

গ. উদ্দীপকে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে, তা ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সাধারণ জনগণই আমার প্রকৃত শক্তি'-উদ্দীপকের চেয়ারম্যানের এই উক্তিটি 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪